

Solution (সমাধান)

©Deepak Sarkar, Written: July 27, 2000, Redwood Shores, CA, USA

অনেক কথা ভেবেছি
অনেক কথা বলেছি
সমালোচনা করেছি
সমালোচনা শূনেছি
কথা বলেছি কথা না শূনে
কথা শূনেছি কথা না বলে
আমার বলা ও শোনায়
কোন ব্যবধান ঘটেনি!
সমাধান, আজ চাই সমাধান ।

তুমিও কতো ভেবেছ
তুমিও কতো বলেছ
সমালোচনা করেছো
সমালোচনা শূনেছো
কথা বলেছো কথা না শূনে
কথা শূনেছো কথা না বলে
তোমার বলা ও শোনায়
কোন ব্যবধান ঘটেনি!
সমাধান, আজ চাই সমাধান ।

Solution (সমাধান)

©©Deepak Sarkar, Written: July 27, 2000, Redwood Shores, CA, USA

আজ একসাথে ভাবব -
আজ একসাথে শুনব -
সমালোচনা মিলে যাক্ -
গঠনের আলোচনায়!
বলব আগে যা বলিনি
শুনবো আগে যা শুনিনি
যৌথ বলা ও শোনায়
আসবে যে সমাধান! সমাধান !
জন্মানো যত সমস্যার, সমাধান ।